

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.১৭.২৮১.৯৪৩

তারিখঃ ০৯/০৯/২০১৮ খ্রিঃ

বিষয় : মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৭৪৮৪/২০১৮ এর গত ৩১/০৫/২০১৮খ্রিঃ রায়/আদেশ নিষ্পত্তিকরন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ত্রিশাল উপজেলাধীন কাটাখালী উমর আলী উচ্চ বিদ্যালয়ের (ভোকেশনাল শাখার) জনাব মোঃ গোলাম মোস্তফা, ট্রেড ইন্সট্রাক্টর মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৭৪৮৪/২০১৬ দায়ের করেন। উক্ত মামলায় মহামান্য আদালত গত ৩১/০৫/২০১৮খ্রিঃ তারিখের শুনানীতে কোন রুল নিশি জারী না করে বাদী কর্তৃক ২২/০৫/২০১৮খ্রিঃ তারিখে কারিগরি শিক্ষা অধিদপ্তরে দাখিলকৃত আবেদনটি (অনেক্স-এফ) নিষ্পত্তি করার জন্য মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রতি নির্দেশনা প্রদান করা হয়।

২। বাদীর দাখিলকৃত আবেদনটি (অনেক্স-এফ) সরোজমিনে যাছাই-বাছাই পূর্বক তদন্ত করনের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় এবং উক্ত বিষয়ে পরবর্তীতে সংশ্লিষ্টদের শুনানী গ্রহণ করা হয়।

৩। তদন্ত কর্মকর্তার তদন্ত প্রতিবেদন এবং অধিদপ্তর কর্তৃক গৃহিত শুনানী প্রতিবেদনের আলোকে নিম্নোক্ত সিদ্ধান্তে মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৭৪৮৪/২০১৮ এর গত ৩১/০৫/২০১৮খ্রিঃ রায়/আদেশ নিষ্পত্তি করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।


(ক) নিয়মতান্ত্রিকভাবে জনাব মোঃ গোলাম মোস্তফা, ট্রেড ইন্সট্রাক্টর (বিশিষ্ট মেইনটেনেন্স) চূড়ান্ত বরখাস্ত না হওয়া পর্যন্ত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের নির্দেশনা এবং পরবর্তীতে কারিগরি শিক্ষা অধিদপ্তরের পত্রের নির্দেশনা মোতাবেক বাদীর এমপিও বেতন ভাতা নিয়মিতভাবে ছাড়করণের ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রধান শিক্ষক ও ব্যবস্থাপনা কমিটিকে নির্দেশনা প্রদান করা হল।

(খ) জনাব মোঃ গোলাম মোস্তফা, ট্রেড ইন্সট্রাক্টর (বিশিষ্ট মেইনটেনেন্স) প্রতিষ্ঠানে অনুপস্থিত এবং ছাত্র/ছাত্রীদের নিয়মিতভাবে ক্লাস গ্রহণ না করার বিষয়ে তার বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য ব্যবস্থাপনা কমিটিকে নির্দেশ প্রদান করা হল।

৪। উপরোক্ত সিদ্ধান্তে বিষয়টি নির্দেশক্রমে নিষ্পত্তি করা হল।

প্রাপকঃ

- ১। প্রধান শিক্ষক, কাটাখালী উমর আলী উচ্চ বিদ্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ।
- ২। সভাপতি, ম্যানেজিং কমিটি
কাটাখালী উমর আলী উচ্চ বিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ।
- ৩। জনাব মোঃ গোলাম মোস্তফা, ট্রেড ইন্সট্রাক্টর (বিশিষ্ট মেইনটেনেন্স)
কাটাখালী উমর আলী উচ্চ বিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ।


মোঃ নূরুল ইসলাম
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলঃ

- ০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ০৩। উপ সচিব (অডিট ও আইন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ০৪। ডেপুটি সলিসিটর (রিট), আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সলিসিটর উইং, সলিসিটর ভবন, সুপ্রিম কোর্ট, ঢাকা।
- ০৫। জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
- ০৬। সহকারী পরিচালক (এমপিও), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
- ০৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হল)।
- ০৯। পি এ টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। সংরক্ষণ নথি।